

# জবিতে ছাত্রদলের বিরুদ্ধে সাংবাদিকের ওপর হামলার অভিযোগ



জগন্নাথ বিশ্ববিদ্যালয়। ফাইল ছবি

জবি প্রতিবেদক

প্রকাশ: ১৭ নভেম্বর ২০২৪ | ২৩:২৫



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ক্যাফেটেরিয়ার পাশে শিক্ষার্থীদের মারামারির ভিডিও করায় এক সাংবাদিককে মারধরের অভিযোগ উঠেছে শাখা ছাত্রদলের নেতাকর্মীর বিরুদ্ধে।

রোববার বিকেলে এ ঘটনা ঘটে। ভুক্তভোগী জুনায়েত শেখ দৈনিক কালের কণ্ঠের জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিনিধি।

প্রত্যক্ষদর্শী ও ভুক্তভোগী জানান, ফুটবল খেলাকে কেন্দ্র করে ইংরেজি ও গণিত বিভাগের শিক্ষার্থীদের মারামারি হয় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠ ধূপখোলায়। পরে তারা ক্যাম্পাসে এসেও মারামারি করেন। এতে উভয় পক্ষের অন্তত ৩০ জন আহত হয়েছেন। এটি ভিডিও করতে গেলে শাখা ছাত্রদলের কয়েকজন নেতাকর্মী জুনায়েতের ওপর হামলা চালান ও ফোন ছিনিয়ে নেওয়ার চেষ্টা করেন। ভিডিও ধারণ করতে প্রথমে বাধা দেন শাখা ছাত্রদলের দপ্তর সম্পাদক পরাগ হোসেন। পরে আরও কয়েকজন জুনায়েতের ওপর চড়াও হন।

এ বিষয়ে পরাগ হোসেন বলেন, তিনি সেখানে হামলা ঠেকিয়েছেন। সবাইকে সরিয়ে দিচ্ছিলেন।

জবি ছাত্রদলের সাধারণ সম্পাদক সুজন মোল্লা বলেন, ভিডিও ফুটেজ দেখে বোঝার উপায় নেই কারা গায়ে হাত তুলেছে। আমরা শনাক্ত করতে পারছি না।

জবি ছাত্রদলের সভাপতি আসাদুজ্জামান আসলাম বলেন, ঘটনার সময় তিনি ছিলেন না। হামলাকারী শনাক্ত করা গেলে কঠোর সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক তাজামুল হক বলেন, অভিযোগ পেয়েছি। বিস্তারিত জেনে ব্যবস্থা নেওয়া হবে।

